

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির এপ্রিল, ২০২৩ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : ভাইস চেয়ারম্যান (সাধারণ), টংগিবাড়ী উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ।

সভার স্থান : সদস্য সচিবের অফিস কক্ষ।

তারিখ ও সময় : ০৯/০৪/২০২৩ ইং, সময় : বেলা ১১ঃ০০ ঘটিকায়।


উপস্থিত সদস্যগণের তালিকা : পরিশিষ্ট - 'ক'।

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। আলোচ্যসূচি অনুযায়ী সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব জনাব মুহাম্মদ হুমায়ুন কবির, সহকারী প্রকৌশলী (চঃদাঃ), জনস্বাস্থ্য কর্মকর্তাকে আনুরোধ জানানো হয়।

অতঃপর জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহের সার্বিক কার্যক্রম পর্যালোচনা ও অগ্রগতির লক্ষ্যে নিম্নরূপ আলোচনা ও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | মন্তব্য / বাস্তবায়নে |
|--------------|--|---|---|
| ০১ | <p>প্রকল্পের নামঃ সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প আব্দুল্লাপুর ইউনিয়নে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই কাজের পরীক্ষামূলক নলকূপের কাজ সমাপ্ত করা আছে। পরীক্ষামূলক নলকূপের পানির স্যাম্পল পরীক্ষা করার জন্য কেন্দ্রীয় পানি পরীক্ষাগারে প্রেরণ করা হয়েছে। এই প্রকল্পের মোট ১৮ টি সাবমারসিবল পাম্পযুক্ত কমিউনিটি গভীর নলকূপের প্রতিটি নলকূপের মাধ্যমে ১০ টি পরিবারকে নিরাপদ পানি সরবরাহ করা হবে। নলকূপের স্ট্রাকচার/প্লাটফর্ম নির্মাণ কাজ চলমান আছে।</p> <p>প্রকল্পের নামঃ পানি সরবরাহে আর্সেনিক বুকি নিরসন প্রকল্প দিঘীরপাড় ইউনিয়নে রুরাল পাইপড ওয়াটার সাপ্লাই কাজের ওভার হেড ওয়াটার ট্যাঙ্কের বটম স্লাবের ঢালাই কাজ সম্পন্ন করা হয়েছে।</p> <p>প্রকল্পের নামঃ GPS/NNGPS/PEDP 4 মালখা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ করার জন্য স্কুলের Ram ভাংগা জরুরী। ওয়াশ ব্লকের স্থানে Ram নির্মাণ করা হয়েছে। স্কুলের Ram ভেঙ্গে দিলে ওয়াশ ব্লক নির্মাণ কাজ শুরু করা যাবে এই বিষয়ে আলোচনা করা হয়। সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করা হয়। টংগিবাড়ী উপজেলার অধিকাংশ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক এখনও নির্মাণ করা হয়নি।</p> | <p>কাজের গুণগত মান বজায় রেখে অবশিষ্ট কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। স্ট্রাকচারের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>কাজের গুণগত মান বজায় রাখা এবং দ্রুত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>উপজেলা শিক্ষা অফিসের সাথে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>ওয়াশ ব্লকের বরাদ্দ পাওয়া সাপেক্ষে কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</p> | <p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> <p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> <p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> <p>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ।</p> |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ভাইস চেয়ারম্যান (সাধারণ)
টংগিবাড়ী উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ

ও

সভাপতি

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। চেয়ারম্যান, টংগিবাড়ী উপজেলা পরিষদ, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টংগিবাড়ী উপজেলা, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা ভাইস চেয়ারম্যান (সাধারণ), সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৪। জনাব সদস্য, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৫। সংশ্লিষ্ট নথি।



(মুহাম্মদ হুমায়ুন কবির)

সহকারী প্রকৌশলী (চঃ দাঃ) (জনস্বাস্থ্য)

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

ও

সদস্য সচিব

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি

পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সদস্যবৃন্দ :

- ১। উপজেলা ভাইস চেয়ারম্যান (সাধারণ), সভাপতি, উপজেলা জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ২। চেয়ারম্যান, কামারখাড়া ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৩। চেয়ারম্যান, যশলং ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৪। চেয়ারম্যান, ধীপুর ইউনিয়ন পরিষদ, সদস্য, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।
- ৫। উপ সহকারী প্রকৌশলী ও সদস্য সচিব, জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি।